২৭, ৪০২

দৈনিক সংবাদ

তারিখ 04 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

93

প্রধানমন্ত্রীকে আমন্ত্রণের প্রতিবাদ

# গণতান্ত্রিক ছাত্র ঐক্যের ভিসি'র কার্যালয় ঘেরাও

(বিশ্ববিদ্যালয়সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-সমাজকে উপেক্ষা করে ব্যক্তিস্বার্থে প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে ঢাকা বিশ্ব-বিদ্যালয়ে আমন্ত্রণ করে আনার প্রতিবাদে গতকাল শনিবার গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক

ছাত্র ঐক্য ঃ পৃঃ ১২ কঃ ৪

## ছাত্র ঐক্য ঃ ভিসি'র কার্যালয় ঘেরাও

( ১ম পৃষ্ঠার পর )

মনিরুজ্জামান মিঞার কার্যালয় ঘেরাও করে।

ঘেরাও চলাকালীন সময়ে উপাচার্যের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত এক সমা-বেশে বক্তৃতা করেন ছাত্র ইউনিয়ন নেতা আসলাম খান, ছাত্রলীগ (বা-কা) নেতা ওবায়দুর রহমান চুন্নু, ছাত্রমৈত্রী নেতা খায়রুল ইসলাম চৌধুরী রুপম ও সমাজ-তান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতা মোস্তাক আলম টুলু।

নেতারা বলেন, প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি অবরুদ্ধ এলাকায় পরিণত করা হয়; ফলে ছাত্রছাত্রীদের ভোগান্তি বেড়ে যায়।

নেতারা বলেন, জনগণের ভোটে নির্বাচিত প্রধানমন্ত্রী সাধারণ ছাত্রছাত্রীদের মাঝে আসবেন, এটাই স্বাভাবিক ছিল। কিন্তু দুঃখের বিষয়, ঢাকা বিশ্ববিদ্যালয়কে পুলিশের রাজ্যে পরিণতি করে যেভাবে প্রধানমন্ত্রী আসলেন, তাতে মনে হয় জনবিচ্ছিন্ন এক স্বৈরশাসক ঢাকা বিশ্ব-বিদ্যালয়ে এসেছেন। নেতারা ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের হাজার হাজার ছাত্রছাত্রীর বিভিন্ন সমস্যা সম্পর্কে এবং ছাত্রসমাজের ১০-দফা সম্পর্কে প্রধানমন্ত্রীর কোন সুস্পষ্ট বক্তব্য না দেয়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করেন।